সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা
কমিটির কার্য বিবরণী

কমিটির নাম :ল্যাঙ্গুয়েজ ল্যাব কমিটি    তারিখ : ১৬/০৯/২০২১    সময় : রাত ৮:০০

| ক্রমিক নং | আলোচনার বিষয়বস্তু | বিষয়বস্তুর ধারাবাহিক বিবরণ | সিদ্ধান্ত গ্রহণ |
|---|---|---|---|
| | ল্যাঙ্গুয়েজ ল্যাব স্থাপনের উদ্দেশ্যে সরেজমিনে কক্ষ পরিদর্শন শেষে আহবায়কের আহবানে রাতে আলোচনায় অংশগ্রহণ, কক্ষের অবকাঠামোগত উন্নয়ন, সম্ভাব্য সরঞ্জামের তালিকা প্রণয়ন, স্কেচ প্রণয়ন সম্পর্কিত আলোচনা। | • ল্যাঙ্গুয়েজ ল্যাব স্থাপনের উদ্দেশ্যে গত ১৬/০৯/২০২১ খ্রি. কমিটির সদস্যদ্বয় সরেজমিনে ২০৫ ও ১০৫ নং কক্ষ পরিদর্শন করা হয়।<br>• ২০৫ নং কক্ষের ছাদের বর্তমান অবস্থা খুবই শোচনীয় বলে কমিটি মনে করে। বর্তমান ভৌত অবস্থার প্রেক্ষিতে এটিকে ল্যাঙ্গুয়েজ ল্যাবে রূপান্তরিত করতে হলে দেয়ালের পুরানো প্লাস্টার ফেলে দিয়ে নতুনভাবে প্লাস্টারসহ ডিস্টেম্পার করা আবশ্যক।<br>• ১০৫ নং কক্ষটি পরিমাপ করে দেখা যায় এটি ১৯X২২=৪১৮ বর্গফুট আয়তনের একটি কক্ষকক্ষের দেয়ালের প্লাস্টার খসে পড়ছে। কক্ষটি স্যাঁতসেতে এবং জরাজীর্ণ, তাছাড়া কক্ষটি আন্তঃকক্ষ ক্রীড়া হিসাবে ব্যবহৃত হয়।<br>• নতুনভাবে লাইট ও ফ্যানের ব্যবস্থা করা দরকার।<br>• আধুনিক ল্যাঙ্গুয়েজ ল্যাব স্থাপনে ভৌত অবকাঠামোগত কাজ নিয়ে আলোচনা করা হয়।<br>• আধুনিক ল্যাঙ্গুয়েজ ল্যাব স্থাপনে প্রয়োজনীয় সরঞ্জামের তালিকা প্রণয়ন বিষয়ে আলোচনা করা হয়।<br>• কক্ষটিতে সরঞ্জামাদি স্থাপনের একটি স্কেচ অংকনের বিষয়ে আলোচনা করা হয়। | • ১০৫ নং কক্ষটি আন্তঃকক্ষ ক্রীড়ার জন্য বিবেচনা করে ২০৫ নং কক্ষেই বাংলা ও ইংরেজী ল্যাঙ্গুয়েজ ল্যাব স্থাপনে কর্তৃপক্ষকে সুপারিশ করা।<br>• কক্ষটিতে প্রয়োজনীয় আসবাবপত্র স্থাপনের পর যতটুকু স্থান থাকে তা ১২-১৫ জন শিক্ষার্থী বসার উপযোগী।<br>• দেয়ালের পুরানো প্লাস্টার ফেলে দিয়ে নতুনভাবে প্লাস্টারসহ ডিস্টেম্পার করার সুপারিশ করা।<br>• আধুনিক ল্যাঙ্গুয়েজ ল্যাব স্থাপনে প্রয়োজনীয় সরঞ্জামের তালিকা প্রণয়ন করা হয়।<br>• কক্ষটিতে সরঞ্জামাদি স্থাপনের একটি স্কেচ অংকন করা।<br>• ইলেকট্রিক ওয়ারিং এর কাজের জন্য সুপারিশের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br>• |

০৫/১০/২০২১
সদস্য সচিবের পূর্ণ নামসহ স্বাক্ষর ও সীল
মোহাম্মাদ মহিবুল্লাহ
বিসিএস (সাধারণ শিক্ষা)
প্রভাষক, বাংলা
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

৫/১০/২১
সদস্যের পূর্ণ নামসহ স্বাক্ষর ও সীল
মৃণাল কান্তি সাধু
বিসিএস (সাধারণ শিক্ষা)
প্রভাষক, প্রাণিবিদ্যা
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

৫/১০/২১
আহবায়কের পূর্ণ নামসহ স্বাক্ষর ও সীল
(মোহাম্মদ আব্দুর রাজ্জাক)
সহযোগী অধ্যাপক, ইংরেজি
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ,খুলনা
১১৫/৮২

## ল্যাঙ্গুয়েজ ল্যাব স্থাপনে কক্ষ সংস্কারসহ সংস্থাপন সংক্রান্ত (সরঞ্জামাদি)কর্ম প্রস্তাবনা

কক্ষ নং ২০৫ (২য় তলা)

১. চারটি নতুন ফ্যান ও প্রয়োজনীয় সংখ্যক লাইট স্থাপন।

২. তিনটি জানালা পরিবর্তন করে থাই এলুমিনিয়াম গ্লাস জানালা স্থাপন।

৩. ফ্লোর টাইলস/ ফ্লোর ম্যাট স্থাপন।

৪. গ্লাস পার্টিশনসহ টিচার্স কর্ণার স্থাপন।

৫. কম্পিউটার টেবিলসহ ১০টি কম্পিউটার (মনিটর, সিপিইউ ও হেডফোনসহ) স্থাপন।

৬. শিক্ষার্থীদের জন্য পৃথক পৃথক (স্কেচ এ প্রদর্শিত) বসার কাউন্টার।

৭. দরজার পাশে উত্তর দিকের দেয়ালে হোয়াইট বোর্ড, ফ্লিপ বোর্ড এবং দক্ষিণদিকের দেয়ালে স্মার্ট টেলিভিশন স্থাপন।

৮. সেন্টার টেবিলটিকে প্রয়োজনীয় মেরামতসহ রং করানো।

৯. প্রয়োজনীয় উপকরণসহ বৈদ্যুতিক ওয়ারিং এর ব্যবস্থা করা।

১০. ল্যাবে Wi-Fi এর ব্যবস্থা করা।

১১. শিক্ষক ও শিক্ষার্থীদের বসার জন্য আরামদায়ক চেয়ারের ব্যবস্থা করা ।

১২. Sound box ব্যবস্থা করা

১৩. দরজার বাইরে জুতার তাক স্থাপন।

১৪. CCTV ক্যামেরা স্থাপন করা।

১৫. AC স্থাপন করা।


উপরোক্ত সুপারিশ ব্যাতিরেকেও কর্তৃপক্ষ উন্নততর যে কোন ব্যবস্থা বা সিদ্ধান্ত গ্রহণ/বর্জন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৫/১০/২১
সদস্য সচিবের পূর্ণ নামসহ স্বাক্ষর ও সীল
মোহাম্মদ মহিবুল্লাহ (০০০১৭১১৫)
বিসিএস (সাধারণ শিক্ষা)
প্রভাষক, বাংলা
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

৫/১০/২১
সদস্যের পূর্ণ নামসহ স্বাক্ষর ও সীল
মৃনাল কান্তি সাধু
বিসিএস (সাধারণ শিক্ষা)
প্রভাষক, প্রাণিবিদ্যা
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

৫/১০/২১
আহবায়কের পূর্ণ নামসহ স্বাক্ষর ও সীল
(মোহাম্মদ আব্দুর রাজ্জাক)
সহযোগী অধ্যাপক, ইংরেজি
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

১২০/৮৩




০৫/১০/২০২২

05/10/22

মৃনাল কান্তি সাধু
বিসিএস (সাধারণ শিক্ষা)
প্রভাষক, প্রাণিবিদ্যা
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

## সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা
## জাতীয় শোক দিবস-২০২১, পালন কমিটির রিপোর্ট

অনুষ্ঠানের দিনঃ ১৫'ই আগস্ট,২০২১

সময়ঃ সকাল ১০ ঘটিকা থেকে ১২ ঘটিকা পর্যন্ত

অনুষ্ঠানের মাধ্যমঃ ভার্চুয়াল (জুম মিটিং এর মাধ্যমে)

অনুষ্ঠান পালনের বিবরণীঃ

১। সকাল ১০ টায় উপস্থাপক সৌরভ অধিকারী (প্রভাষক, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা), সম্মানিত উপস্থিতিকে সম্বোধন করেন এবং অনুষ্ঠানের মাহাত্ম আলোচনার মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করেন।

২। পবিত্র কোরান থেকে তেলাওয়াত করেন, জনাব মিজানুর রহমান, সহকারী অধ্যাপক, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

৩। পবিত্র গীতা থেকে শ্লোক পাঠ করেন, জনাব দেবব্রত বিশ্বাস, শিক্ষার্থী, বিএড।

৪। শোক দিবসের প্রতি শ্রদ্ধাজ্ঞাপক ১ মিনিটের নীরবতা পালন করা হয়।

৬। শিক্ষার্থীদের মধ্য থেকে শোকের অভিব্যক্তি প্রকাশ করেন যথাক্রমেঃ

- বিএড অনার্স ৩য় বর্ষ শিক্ষার্থী, সুদর্শন মন্ডল
- বিএড শিক্ষার্থী, আবু হানিফ
- এমএড শিক্ষার্থী, সৈয়দ ফেরদৌস

৭। সম্মানিত শিক্ষকদের মধ্য থেকে অভিব্যক্তি প্রকাশ করেন যথাক্রমেঃ

- জনাব মোহাম্মাদ মহিববুল্লাহ, প্রভাষক, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।
- জনাব সাহেদুল আলম, সহকারী অধ্যাপক, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।
- জনাব টিটভ বিশ্বাস, সহযোগী অধ্যাপক, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

৮। স্বাগত বক্তব্য রাখেন, জাতীয় শোক দিবস পালন কমিটি-২০২১-এর সম্মানিত সদস্য, এবং সম্পাদক, শিক্ষক পরিষদ, খুলনা টিটিসি জনাব রহিমা খাতুন, সহযোগী অধ্যাপক, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

৯। অতিথীদের বক্তব্যঃ

- বিশেষ অতিথী, জনাব অধ্যাপক মোঃ নজরুল ইসলাম, উপাধ্যক্ষ
  সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।
- প্রধান অতিথী, জনাব অধ্যাপক ডঃ শেখ মোঃ রেজাউল করিম, অধ্যক্ষ, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

১০। সভাপতির বক্তব্যঃ

- জনাব ইমদাদুল হক, সহযোগী অধ্যাপক এবং আহবায়ক,
  জাতীয় শোক দিবস পালন কমিটি-২০২১, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

১১। ১৫ আগস্টের বিশেষ দোয়া পরিচালনা করেন জনাব মিজানুর রহমান, সহকারী অধ্যাপক, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

<u>সম্পূর্ণ অনুষ্ঠান বাস্তবায়ণে নিম্নোক্ত কমিটির সদস্যবৃন্দ কাজ করেছেনঃ</u>

১। জনাব ইমদাদুল হক, সহযোগী অধ্যাপক এবং আহবায়ক,
জাতীয় শোক দিবস পালন কমিটি-২০২১, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

২। জনাব রহিমা খাতুন, সহযোগী অধ্যাপক এবং সদস্য,
জাতীয় শোক দিবস পালন কমিটি-২০২১, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।


৩। জনাব সৌরভ অধিকারী, প্রভাষক এবং সদস্য-সচিব,
জাতীয় শোক দিবস পালন কমিটি-২০২১, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

জনাব ইমদাদুল হক........ ১০/০৮/২০২১
মোঃ ইমদাদুল হক
সহযোগী অধ্যাপক (দর্শন), আইডি-৬২৮।
বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মা উ শি, বাংলাদেশ, ঢাকা
ইনস্টিটু: সরকারী টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।
সহযোগী অধ্যাপক
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ,
খুলনা।


জনাব রহিমা খাতুন.......................
সহযোগী অধ্যাপক
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ,
খুলনা।

জনাব সৌরভ অধিকারী......................
প্রভাষক
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ,
খুলনা।

সৌরভ অধিকারী
প্রভাষক (শিক্ষা)
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ,
খুলনা।


১৫ই আগস্ট
জাতীয় শোক দিবস
তুমি স্বাধীনতা, তুমিই বাংলাদেশ
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান,
বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা
ও ১৫ই আগস্টের সকল শহীদের প্রতি
গভীর শ্রদ্ধা
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

১২৩/৮৮


10:10
94%
REC
Abdur razzaque
Pankaj Mandal
Participants (51)
Waiting Room (3)
Message
Admit all
Majeda khatun
Mrinal Sadhu
Suman Hossain
In the Meeting (51)
Prof Dr. Sheikh Md Rezau... (Host, me)
Abdur razzaque
Md. Sazzad Khan
mohib ulla
You are screen sharing
Invite
Mute All
Prof Dr. Sheikh Md Rezaul Karim's screen

# সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

## ভৌত অবকাঠামো উন্নয়ন ও সংস্কার কাজের রিপোর্ট :

তারিখ: ০১/১০/২০২১ খ্রি.

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা'র ভৌত অবকাঠামোসমূহ লবণাক্ততার কারণে ঝুঁকিপূর্ণ অবস্থায় পড়ে আছে। এজন্য এখানকার একাডেমিক ভবন, হোস্টেল ও কোয়ার্টারসমূহ প্রায় প্রতিবছরই মেরামত ও সংস্কার কাজের প্রয়োজন পড়ে। বিশেষ করে ভবনের নীচতলার ফ্লোর, ওয়াল, টয়লেট, ছাদ প্রভৃতি স্থানসমূহে ড্যামেজ দেখা দেয়, স্যাঁতসেঁতে হয়ে যায় এবং ফাটল ধরে।

২। এ বছর ইতিমধ্যে সুপার কোয়ার্টার-২ মেরামত ও সংস্কার কাজ চলছে। এতে মোট বরাদ্দ আছে ১০ লক্ষ টাকা। সিড়িঁঘরের ছাদ পুন: নির্মাণ, ২য় তলার ছাদের উপরে জলছাদ নির্মাণ, নীচতলা ও ২য় তলায় প্লাস্টার করা, জানালায় থাই বসানো এবং ভবনটিতে রং করা হয়েছে। কাজের প্রায় ৯০ শতাংশ অগ্রগতি হয়েছে আশা করি অল্প সময়ের মধ্যে বাকি কাজ সম্পন্ন হবে এবং কন্টাকটার সাহেব ভবনটি কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করবেন।

৩। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হোস্টেলের মেরামত ও সংস্কার কাজে বরাদ্দ ছিল ১০ লক্ষ টাকা। কার্যাদেশপ্রাপ্ত কন্টাকটার তাদের প্রায় ৯০ শতাংশ কমপ্লিট করেছেন। এতে মূলভবনের দ্বিতীয় তলার একটি কক্ষের পুনঃ নির্মাণ করা হয়েছে। বাথরুম-টয়লেট জানালা-দরজা পরিবর্তন করা, ডাইনিং এর কলাম, ভিম ও ওয়ালের প্লাস্টার করা, নীচতলা ও দ্বিতীয় তলায় বিভিন্ন স্থানে প্লাস্টার করা এবং নিচতলা ও ২য় তলায় রং করা হয়েছে। আশা করা যাচ্ছে যে কন্টাকটার কাজ শেষে সত্ত্বর ভবনটি কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করবেন।

৪। বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব হলের মেরামত ও সংস্কার চলছে। এতে মোট বরাদ্দ আছে ১০ লক্ষ টাকা তাদের প্রায় ৭০ শতাংশ অগ্রগতি হয়েছে। এই ভবনের বিশাল ছাদ পুন:নির্মাণ করা হয়েছে। বিশাল ডাইনিং রুমের জলছাদ পুনঃনির্মাণের

১২৫/৯০

কাজ চলমান রয়েছে। নীচতলার কিছু অংশের প্লাস্টার করা হবে। আশা করা যাচ্ছে যে, কার্যক্রমের প্রাপ্ত কন্টাকটার আগামী এক মাসের মধ্যে বাকি কাজ সমাপ্ত করে ভবনটি কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করতে পারবেন।

উপরে বর্ণিত সকল মেরামত ও সংস্কার কাজের তদারকি করার জন্য অধ্যক্ষ মহোদয় কর্তৃক গঠিত একটি সার্বক্ষণিকভাবে মনিটরিং ও মেনটরিং করে যাচ্ছেন এবং কমিটি প্রতিটি স্টেপে কাজের অগ্রগতি ও মান বজায়ে গৃহীত ব্যবস্থাসমূহ কর্তৃপক্ষকে অবহিত করছেন।

রেহানা পারভীন
আহবায়ক, ভৌত অবকাঠামো উন্নয়ন ও সংস্কার কমিটি
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

মো: মাইনুল হক
সদস্য, ভৌত অবকাঠামো উন্নয়ন ও সংস্কার কমিটি
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

বিধান চন্দ্র রায়
সদস্য সচিব, ভৌত অবকাঠামো উন্নয়ন ও সংস্কার কমিটি
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
OFFICE OF THE EXECUTIVE ENGINEER
EDUCATION ENGINEERING DEPARTMENT
KHULNA.

Memo No: 37.07.4700.008.00.000.20. Dated:

To: Khulna Construction & Builders
229-BIDC Road, Khalishpur, Khulna
Mobile No: +880-01711668549

**AWARD OF CONTRACT**

| | | |
|---|---|---|
| Name of Project | : | Repair and Renovation work of Govt. Educational Institutions |
| Tender Notice No | : | **09/e-GP/EED/**KHU/Repair-4931-New/2020-2021, Dated: 16.09.2020 |
| Name of Work | : | Repair & Renovation Works of 2st. Super Quarter at Govt. Teachers Training College, Khanjahan Ali, Khulna. |
| **Tender ID No** | : | 482663 |

This is to inform you that the authority has been pleased to award the above mentioned work to you/your firm at the following rates & amounts as per contract made by you.

| SL No | Description of works | Official Estimated Amount (Tk) | Rate Quoted At per /..... Less/Above | Quoted Amount (Taka) | Time Allowed for Completion of work |
|---|---|---|---|---|---|
| 01. | Part- Civil Works | 10,00,000.000 | 5 % Less | 9,50,000.000 | 04 Months |
| | Total Amount Tk. | 10,00,000.000 | | 9,50,000.000 | |

In Words (Taka Nine Lac Fifty Thousand) Only.

You are therefore, requested to commence of the work within seven (07) days from the date of issuance of this Award of Contract in consultation with the Assistant Engineer, Education Engineering Department, Khulna. Before starting the work, he is also advised to submit a time bar chart showing the work schedule of different activities of works. All work to be done according to the approved work schedule. It is mentioned here that the work shall have to be completed within stipulated time which will be reckoned from the date of signing of contract.

The defaulters will be dealt with as per conditions of contract.

Enclosed : 1set Schedule of work.

(Shaikh Nasim Reza)
Executive Engineer
Education Engineering Dept.
Khulna Zone, Khulna.

Memo No: 37.07.4700.008.00.000.20. 784 (8) Dated: 13,01,2021

Copy forwarded for kind information and necessary action to:

01. The Chief Engineer, Education Engineering Department, Shikkha Bhabon (2nd block), Dhaka.
02. The Superintending Engineer, Education Engineering Department, Khulna Division, Daulatpur, Khulna.
03. The Deputy Commissioner, Khulna.
04. The District Accounts Officer, Khulna.
05. The Principal, Govt. Teachers Training College, Khanjahan Ali, Khulna.
06. The Assistant Engineer, Education Engineering Department, Khulna. He is responsible to get the work as per approved plan, design, specification, terms and condition of Contract.
07. Sub-Assistant Engineer, Education Engineering Department, Khanjahan Ali, Khulna. He is responsible to get the work as per approved plan, design, specification, terms and condition of Contract.
08. Office Copy.

Shaikh Nasim Reza)
Executive Engineer
Education Engineering Dept.
Khulna Zone, Khulna.

Kamana Order- Code 4931/194



চিত্র-১: সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা'র বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হোস্টেলের মেরামত ও সংস্কার কাজের চিত্র।

৩২৫/৯৩



চিত্র-২: বঙ্গমাতা ফজিলাতুন্নেসা মুজিব হোস্টেলের মেরামত ও সংস্কার কাজের চিত্র। ১২৩/৯৪



চিত্র-৬: সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা সুপার কোয়ার্টার-২ এর ছাদ ঢালাই কাজ চলছে।

# সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

## কমিটির কার্য বিবরণী

কমিটির নামঃ বিউটিফিকেশন কমিটি      সময়ঃ রাত ৮টা, সকাল ১১ টা      তারিখঃ ০৫/০৭/২০২১ ও ২৭/০৭/২১

| ক্রমিক | আলোচনার বিষয়বস্তু | বিষয়বস্তুর ধারাবাহিক ববরণ | সিদ্ধান্ত গ্রহণ |
|---|---|---|---|
| ০১ | বিউটিফিকেশন কমিটির আহবায়ক জনাব টিটভ বিশ্বাসের সভাপতিত্বে গত ০৫/০৭/২০২১ তারিখে রাত ৮টায় কলেজের সৌন্দয্য বর্ধনের নিমিত্তে এক ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। | ১। কলেজের প্রবেশপথ পরিস্কার করা<br>২। কলেজের ভিতরের ড্রেন পরিস্কার করা<br>৩।খেলার মাঠের ঘাস কর্তন করা<br>৪। আগাছা পরিস্কার করা<br>৫।ফুলের চারা রোপণ | উল্লিখিত কার্যাবলী আগামী ১০/০৮/২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করার ব্যাপারে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় । |
| ০২ | কমিটির আহবায়ক জনাব টিটভ বিশ্বাসের নেতৃত্বে গত ২৭/০৭/২১ তারিখ বেলা ১১ টায় কলেজের স্টাফরুমে স্বাস্থ্যবিধি মেনে কমিটির কাজের অগ্রগতি যাচাই এবং ডেঙ্গু ও ম্যালেরিয়া প্রতিরোধে আশু করণীয় বিষয়ে অত্র কমিটির দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয়। | ০১। ডেঙ্গু ও ম্যালেরিয়া প্রতিরোধে মশা নিধনের জন্য ফগার মেশিন দ্বারা কলেজের ড্রেন এবং হোস্টেল সহ বিভিন্ন ভবনে স্প্রে করা । | উল্লিখিত কাজ কমিটির পূর্বনির্ধারিত কাজের সময়ের মধ্যেই শেষ করার ব্যাপারে সিদ্ধান্ত হয়। |

০৭/০৮/২১
(টিটভ বিশ্বাস)
বি সি.এস (সাধারণ শিক্ষা)
সহযোগী অধ্যাপক
টি টি কলেজ, খুলনা

০৭/০৮/২০২১
সহকারী অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান)
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

# সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

## কমিটির কার্যক্রমের সারসংক্ষেপ/প্রতিবেদন

কমিটির নামঃ বিউটিফিকেশন কমিটি          সনঃ ২০২১          তারিখঃ ০৭/০৮/২০২১

| ক্রমিক | কমিটির কার্যক্রমের বিষয়বস্তু | কার্যক্রমের সংক্ষিপ্ত ধারাবাহিক বিবরণ | মন্তব্য | সুপারিশ |
|---|---|---|---|---|
| | ১। গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী কলেজের প্রবেশপথ পরিস্কার, মাঠের ঘাস কর্তন,ফুলের গাছ রোপণ এবং আগাছা পরিস্কারের জন্য দিনমজুর নির্বাচন করে উল্লিখিত কাজ সুচারুরূপে সম্পন্ন করা হয়।<br>২। ড্রেন পরিস্কার করার জন্য অত্র কলেজের পরিচ্ছন্নতাকর্মী কিশোর লাল এবং তুলসি রঞ্জন দাস-কে কাজে লাগানো হয়।<br>৩। প্রয়োজনীয় ওষুধ (কেমিক্যাল) ক্রয় করে কলেজের বিদ্যমান ফগার মেশিন দ্বারা মশক নিধন করা হয়। | ১। গত ১১ এবং ১২ই জুলাই ৪ জন নির্বাচিত দিনমজুর দ্বারা কলেজের প্রধান ফটকের সামনে এবং পেছনে জমে থাকা শ্যাওলা পরিস্কার করা হয়। ফটকের গায়ে সাটানো পুরাতন পোস্টার এবং ব্যানার অপসারণ করা হয়। এই সময় খেলার মাঠের বর্ধিষ্ণু ঘাস কর্তন করা হয় এবং কলেজের অভ্যন্তরে বিভিন্ন প্রান্তের আগাছা নিধন করা হয়। এসব কার্যক্রম কমিটির আহবায়ক জনাব টিটভ বিশ্বাস এবং অত্র কমিটির সদস্য জনাব মোঃ আশরাফুল আলম ও জনাব মোছাঃ মাজেদা খাতুন মনিটরিং করেন ও কর্ম সম্পাদনের জন্য প্রয়োজনীয় দিকনির্দেশনা দেন।<br>২। ১৭ই জুলাই সবগুলো হোস্টেলের বাগানে এবং কলেজের সামনের ফুলের বাগানে বিভিন্ন ধরনের বারোমাসী ফুলের চারা রোপন করা হয়। কমিটির আহবায়ক এবং সদস্যবৃন্দ উপস্থিত থেকে এসব কাজ তদারকি করেন।<br>৩। ২৫ এবং ২৬ জুলাই অত্র কলেজের পরিচ্ছন্নতাকর্মী কিশোর লাল এবং তুলসি রঞ্জন দাস-কে দ্বারা কলেজের অভ্যন্তরের সমস্ত ড্রেন পরিস্কার করা হয়। কমিটির সদস্য জনাব মোঃ আশরাফুল আলম এসময় উপস্থিত থেকে কার্যক্রম তদারকি করেন।<br>৪।আগস্ট মাসের ৫ তারিখে কমিটির সকল সদস্যের উপস্থিতিতে ফগার মেশিন দ্বারা কলেজের সমস্ত ভবন, ড্রেন, পুকুরের চারপাশ এবং কৌশলগত অবস্থানে মশা নিধনের জন্য স্প্রে করা হয়। | অত্র কলেজের সুযোগ্য অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মো. রেজাউল করিম কমিটিকে সার্বিকভাবে সহযগিতা করেছেন এবং এসব কার্যক্রম মনিটরিং ও মেন্টরিং করেছেন। | কলেজের জন্য একটি ঘাস কাটার মেশিন ক্রয় করলে ভাল হয়।এছাড়া, ড্রেন মাসে একবার পরিস্কার করলে ভাল হয়। |

০৭/০৮/২১
(টিটভ বিশ্বাস)
বি.সি.এস (সাধারণ শিক্ষা)
সহযোগী অধ্যাপক
খুলনা

০৭/০৮/২০২১
মোঃ আশরাফুল আলম (০২২৩৩০)
বিসিএস (সাধারণ শিক্ষা)
সহকারী অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান)
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।

২৩/৯/২৭



চিত্র-১ আগাছা নিধন কার্যক্রম পরিদর্শন করছেন সৌন্দর্যবর্ধন কমিটির-সদস্য জনাব মোঃ আশরাফুল আলম, সহকারী অধ্যাপক



চিত্র-২ কলেজ অভ্যন্তরীন ড্রেন পরিচ্ছন্নতার অংশ বিশেষ, সুন্দরবন অতিথি ভবন সংলগ্ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা
Web : ttc.khulna.gov.bd, E-mail : ttckhul@yahoo.com

# জরুরি বিজ্ঞপ্তি

তারিখ: ২৯/০৮/২০২১ খ্রি.

এতদ্বারা অত্র কলেজের সকল পরিচ্ছন্নতাকর্মীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক খুব শীঘ্রই প্রশিক্ষণ কার্যক্রম অনুষ্ঠিত হবে। এ লক্ষ্যে প্রতিষ্ঠানের হোস্টেলসমূহ, ক্লাস রুম, ল্যাবসহ বিভিন্ন কার্যকরী স্থানসমূহ পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম শুরু করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

উল্লেখ্য, জনাব মো: মাসুদুর রহমান, অফিস সহায়ক নিজে উপস্থিত থেকে ল্যাবসূহের পরিস্কার পরিচ্ছন্নতার কাজ সম্পুর্ন করবেন এবং সার্বিক কাজ তদারকি করবেন অত্র কলেজের প্রভাষক জনাব বিধান চন্দ্র রায়।

(প্রফেসর ড. শেখ মোঃ রেজাউল করিম)
আইডি নং-৮২২৫
অধ্যক্ষ
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।
ফোন : ০৪১-৭৭৪৫৫১

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো (জেষ্ঠ্যতা অনুসারে নয়) ঃ

১। উপাধ্যক্ষ, অত্র কলেজ।
২। জনাব বিধান চন্দ্র রায়, প্রভাষক, অত্র কলেজ।
৩। সম্পাদক, শিক্ষক পরিষদ।
৪। জনাব মো : মাসুদুর রহমান, অফিস সহায়ক, অত্র কলেজ।
৫। সংরক্ষণ নথি।

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

একাডেমিক ভবন ও শেখ হাসিনা আইসিটি ভবনের ক্লাস রুম, ট্রেনিং রুম এবং টয়লেট-বাথরুম পরিষ্কার পরিচ্ছন্নতার রিপোর্ট:

তারিখ : ১৫/০৯/২০২১ খ্রি.

অধ্যক্ষ মহোদয়ের ২৯/০৮/২০২১ তারিখের অফিস আদেশ মোতাবেক একাডেমিক ভবন ও শেখ হাসিনা আইটি ভবন এর সকল ক্লাস রুম, ল্যাব ও টয়লেট-বাথরুম পরিষ্কার পরিচ্ছন্নতার নির্দেশ প্রাপ্তির পর ৩০/০৮/২০২১ খ্রিস্টাব্দ তারিখ থেকে কার্যক্রমটি অত্যন্ত গতিশীলতার সাথে শুরু হয়।

২। প্রাথমিকভাবে কলেজের পরিচ্ছন্নতা কর্মী জনাব কিশোর লাল দুটি ভবনের সকল টয়লেট - বাথরুম ও বারান্দা করিডোর ইত্যাদি ঘষামাজা ও পরিষ্কার কার্যক্রম ০৭/০৯/২০২১ তারিখের মধ্যে সমাপ্ত করেন। এরপর বিভিন্ন ক্লাস রুম ও ল্যাবসমূহ ভাল করে ঘষামাজা করে পরিষ্কার করেন জনাব কিশোর লাল। তিনি ক্লাসরুম ও ল্যাবের সকল ফার্নিচার শুকনো কাপড় দিয়ে ভালোভাবে মুছে পরিষ্কার করেন।

৩। কলেজের অফিস সহায়ক জনাব মাসুদুর রহমান অন্যান্য অফিস সহায়কদের নিয়ে শ্রেণিকক্ষ সুসজ্জিত করার কাজ করেন। সমস্ত চেয়ার টেবিল রিসেট করা হয়। ফ্যান, লাইট ও প্রজেক্টরের সংযোগ পরীক্ষা করা হয়। প্রশিক্ষণ ল্যাবগুলিতে প্রয়োজনীয় মাল্টিপ্লাগ সেট করা হয়।

কলেজ খোলা হলে ক্লাসরুম ও প্রশিক্ষণ নিতে আরো যে সব সরঞ্জাম প্রয়োজন হবে তার একটি তালিকা অধ্যক্ষের কার্যালয়ে দাখিল করা হয়। এসব কাজ অত্যন্ত নিবিড়ভাবে তদারকি করা হয়।

১৫/০৯/২০২১

বিধান চন্দ্র রায়
সদস্য সচিব, পরিষ্কার পরিচ্ছন্নতা কমিটি
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

## সরকারি টিচার্স ট্রেনিং কলেজ খুলনা

# ক্যাম্পাসের জলাবদ্ধতা নিয়ন্ত্রণ ও দূরীকরণ কার্যক্রমের রিপোর্ট

তারিখ : ০১/১০/২০২১ খ্রি.

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা'র সাম্প্রতিক সময়ের সবচেয়ে বড় ট্র্যাজেডি হল এর জলাবদ্ধতা। একটু বৃষ্টি হলে বা সিটি কর্পোরেশনের ড্রেনের নালা মুখ দিয়ে কলেজ ক্যাম্পাসে একটু অতিরিক্ত ময়লাযুক্ত পানি প্রবেশ করলেই ক্যাম্পাসে দীর্ঘমেয়াদি জলাবদ্ধতা সৃষ্টি হয় এই অবস্থা মে মাস থেকে শুরু হয়ে অক্টোবরের শেষ পর্যন্ত চলতে থাকে। এ সময়কালে ক্যাম্পাসের উত্তর দিকে অবস্থিত হোস্টেল, অতিথি ভবন ও কোয়ার্টারে যাতায়াত করতে হলে হাটু পানি পার হয়ে যাতায়াত করতে হয় এবং এ ক্যাম্পাসে যাতায়াতকারীগণের নানা ধরনের চর্মরোগ দেখা যায়। সর্বোপরি ক্যাম্পাসটি বসবাসের অযোগ্য হয়ে পড়ে। এটা কখনও কখনও শীতকালেও দেখা যায়। বর্তমান অধ্যক্ষ মহোদয় এ কর্মস্থলে যোগদানের পর এই সমস্যার সমাধানে আশু পদক্ষেপ গ্রহণ করেন আর এই জলযন্ত্রণার আরেকটি প্রধান কারণ হলো বর্তমানে কুয়েট কর্তৃপক্ষ তাদের ক্যাম্পাসের পশ্চিম পাশে এবং অত্র ক্যাম্পাসের উত্তর পশ্চিম পাশে ১৬.৫ একর জমি অ্যাকুইজিশন করে তা বালু দ্বারা ধরা ভরাট করছেন। এতে করে এই ক্যাম্পাসের পানি অন্যত্র যাওয়ার সকল পথ বন্ধ হয়ে গেছে।

২। এই অবস্থা থেকে পরিত্রাণের লক্ষ্যে অধ্যক্ষ মহোদয় বিগত ১৯/০৫/২০২১ তারিখে কুয়েট রেজিস্টার মহোদয়কে একটি চিঠি দিয়ে পূর্বে প্রবাহিত পানি নিষ্কাশন নালাটি পুনরায় চালু করার অনুরোধ করেন এবং এই চিঠির অনুলিপি জেলা প্রশাসক খুলনা সহ অন্যান্য সরকারি দপ্তরে প্রেরণ করেন। সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা সহ আশেপাশের গভ: ল্যাবরেটরি হাই স্কুল, সরকারি টিটিসি ২টিতে একই ধরনের জলাবদ্ধতা দেখা দেয়ায় ঐসব প্রতিষ্ঠান কর্তৃপক্ষের তরফ থেকে জেলা প্রশাসক মহোদয়ের কাছে পত্র প্রেরণ করা হয়। এর ফলশ্রুতিতে বিগত

১২০/১০১

২৭/০৫/২০২১ তারিখে জেলা প্রশাসক, খুলনা তদন্ত কমিটি সরেজমিনে ঘটনাস্থল পরিদর্শন করেন এবং স্টেকহোল্ডারদের মৌখিক ও লিখিত বক্তব্য গ্রহণ করেন। এ সময় ঘটনাস্থলে স্থানীয় জনপ্রতিনিধি ও সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন। বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার জলাবদ্ধতার ভোগান্তি নিয়ে রিপোর্ট প্রকাশিত হয়।

৩। এরপর জুলাই/২০২১ মাসে স্টেকহোল্ডারদের সাথে জেলা প্রশাসক, খুলনা মহোদয় মিটিং করেন। কিন্তু সেই মিটিং-এ কুয়েটের কোন প্রতিনিধির না থাকায় সিদ্ধান্ত ছাড়াই মিটিং সমাপ্ত হয়। এরপর ডিসি, খুলনা অফিসের এল এ শাখা থেকে প্রস্তাবিত কাঁচা ড্রেনের একটি নকশা/স্কেচ প্রকাশ করা হয়।

৪। পরবর্তীতে বিগত ০৫/১০/২০২১ খ্রি. তারিখে পুনরায় জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের অফিস কক্ষে কুয়েট সংলগ্ন পাঁচটি সরকারি শিক্ষা প্রতিষ্ঠান জলাবদ্ধতা নিরসনে কৌশল নির্ধারণে স্টেকহোল্ডারদের একটি সভা অনুষ্ঠিত হয়। ঐ সভায় কুয়েট, পানি উন্নয়ন বোর্ড, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, উপজেলা নির্বাহি কর্মকর্তা, দিঘোলিয়া, খুলনা জেলা প্রশাসনের পদস্থ কর্মকর্তাবৃন্দ এবং ভুক্তভোগী ৫টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। এ সভায় কুয়েটের তরফ থেকে এ সমস্যা সমাধানে জেলা প্রশাসনের কাছে আরো ৫ একর জমি সরকারি খালের জন্য অধিগ্রহণের প্রস্তাব করেন। জেলা প্রশাসন সত্ত্বর এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করবেন বলে সভায় অবহিত করেন। জেলা প্রশাসক মহোদয় পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি এ সমস্যা সমাধানের একটি বৃহত্তর প্রকল্প প্রস্তাব করলে পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধির পক্ষ থেকে এতে সম্মতি জ্ঞাপন করা হয়। সভায় সিদ্ধান্ত হয় যে জেলা প্রশাসক অচিরেই সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নিয়ে ঘটনাস্থল সরোজমিনে পরিদর্শনপূর্বক পদক্ষেপ গ্রহণ করবেন।

১২০/১৩০২

ইতিমধ্যে কলেজের তহবিল থেকে ব্যয় করে ক্যাম্পাসের ভিতরে কিছু অভ্যন্তরীণ কাঁচা ড্রেন নির্মাণ করা হয়েছে। এতে করে ক্যাম্পাসের জলাবদ্ধতার একটি অস্থায়ী সমাধান পাওয়া গেছে।

আশা করা যায় কর্তৃপক্ষের প্রচেস্টা অব্যাহত থাকলে দীর্ঘ মেয়াদে সমস্যাটি সমাধান হয়ে যাবে।

মো: ইমদাদুল হক
আহবায়ক, জলাবদ্ধতা নিয়ন্ত্রণ ও দূরীকরণ কমিটি
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

০১/১০/২০২১
অজয় কুমার সাহা
সদস্য, জলাবদ্ধতা নিয়ন্ত্রণ ও দূরীকরণ কমিটি
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

০১/১০/২০২১
বিধান চন্দ্র রায়
সদস্য সচিব, জলাবদ্ধতা নিয়ন্ত্রণ ও দূরীকরণ কমিটি
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।
Web : ttc.khulna.gov.bd, E-mail : ttckhul@yahoo.com

স্মারক নং- টি.টি. কলেজ/খুলনা/২০২১/৮৬ তারিখ : ১৯/০৫/২০২১ খ্রি.

বিষয় : খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অধিগ্রহণকৃত ভূমি উন্নয়ন দ্বারা অতিসম্প্রতি ভরাটকৃত অত্র প্রতিষ্ঠান সংলগ্ন পানি নিষ্কাষণ নালা বা খাল পুনরায় চালুকরণ সংক্রান্ত।

সূত্র : স্মারক নং/খু প্র বি/২৬৯২, তারিখ : ০৬/০৫/২০২১ খ্রি.

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, আমি নিম্নস্বাক্ষরকারী মান্যতা দিয়েই স্বীকার করছি যে, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় দক্ষিণাঞ্চলের সর্বোচ্চ বিদ্যাপীঠ এবং একই সাথে বিশ্ববিদ্যালয়টির উত্তরোত্তর শ্রীবৃদ্ধি ও অগ্রগতি কামনা করছি। সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা আপনার প্রতিষ্ঠানের নিকট প্রতিবেশি একটি শিক্ষক প্রশিক্ষণ প্রতিষ্ঠান ; এই প্রতিষ্ঠান জন্মের উষালগ্ন থেকেই এর পানি নিষ্কাষণ হতো গভ : ল্যাবরেটরি হাই স্কুল, খুলনা'র উত্তরপার্শ্ব ঘেষে সরকারি টিটিসি, খুলনা'র উত্তর-পূর্ব পার্শ্ব দিয়ে প্রবাহিত একটি নালা বা খালের মাধ্যমে ; যা প্রায় ৫০ বছর ধরে চলমান। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় হলো অতিসম্প্রতি কুয়েট কর্তৃপক্ষ অধিগ্রহণকৃত ভূমির উপর বিভিন্ন স্থাপনা নির্মাণের লক্ষ্যে ভূমির উন্নয়ন কার্যক্রম পরিচালনা করছেন। এর প্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারীর প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট এলাকার আরো ৪টি ঐতিহ্যবাহী সরকারি শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের সাথে আলাপ আলোচনা না করেই অত্র প্রতিষ্ঠানসমূহের পানি নিষ্কাষণের জন্য প্রচলিত একমাত্র নালা বা খাল বালু দ্বারা ভরাট করে দিয়েছেন। এর ফলশ্রুতিতে ইতোমধ্যে অত্র কলেজসহ গভ : ল্যাবরেটরি হাইস্কুল, এইচএসটিটিআই ও সরকারি টিটিসিদ্বয়ের মধ্যে স্থায়ী জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। এসব শিক্ষা প্রতিষ্ঠানের শিখন বান্ধব ও কর্মপরিবেশ মারত্মকভাবে বিঘ্নিত হচ্ছে। স্থায়ী জলাবদ্ধতার ফলে প্রতিষ্ঠানের আভ্যন্তরীণ রাস্তাসমূহ ডুবে যাচ্ছে এবং মশকসহ নানাবিধ সংক্রামক কীটপতঙ্গ দ্বারা ক্যাম্পাসে এমন অস্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি হচ্ছে যে, এ অবস্থা দীর্ঘদিন চলতে থাকলে এসব ক্যাম্পাসে মানবিক বিপর্যয় দেখা দিতে পারে।

সূত্রে বর্ণিত পত্র মরাফৎ বিকল্প ড্রেনেজ ব্যবস্থার যে প্রস্তাব রাখা হয়েছে তা এসব প্রতিষ্ঠানের পয় : ও পানি নিষ্কাষণের জন্য কোনভাবেই বাস্তবসম্মত নয়। কারণ এই প্রতিষ্ঠানগুলি অপেক্ষাকৃত নীচুভূমিতে অবস্থিত হওয়াতে প্রস্তাবিত ড্রেনের তল অপেক্ষা এসব প্রতিষ্ঠানের ভূমিপৃষ্ঠ অনেক নীচু ; ফলে এখানকার পানি প্রস্তাবিত ড্রেনের পানি দ্বারা এই প্রতিষ্ঠানগুলি সয়লাব হয়ে যাবে।

বর্ণিতবস্থায়, আপনার পার্শ্ববর্তী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহের দুর্ভোগ সরেজমিনে পরিদর্শপূর্বক প্রায় ০৫(পাঁচ) দশক ধরে চলমান নালা বা খাল পুনরায় চালু করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণপূর্বক এসব শিক্ষা প্রতিষ্ঠানের পানি নিষ্কাষণ সমস্যা সমাধানে আপনার সদয় হস্তক্ষেপ ও সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে
১৯/০৫/২০২১
(প্রফেসর উ. শেখ মোঃ রেজাউল করিম)
আইডি নং-৮২২৫
অধ্যক্ষ
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।
ফোন-০১৭১৬৭৩১০৪৭

প্রাপক :
রেজিষ্ট্রার (ভারপ্রাপ্ত)
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা।

৭২৫/১০৪

স্মারক নং-টিটিকলেজ/খুলনা/ ৮৬(১৯)　　　　　　　　　　　　　　　　　　তারিখ : ১৯/০৫/২০২১ খ্রি.

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরিত হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) :

১। ভাইস চ্যান্সেলর, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা।
৪। জেলা প্রশাসক, খুলনা।
৫। প্রধান প্রকৌশলী, কুয়েট, খুলনা।
৬। প্রধান প্রকৌশলী, কেসিসি, খুলনা। — সরাসরি অফিস দিয়ে আসা
৭। প্রধান প্রকৌশলী, কেডিএ, খুলনা। " " " "
৮। পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৯। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
১০। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, খুলনা অঞ্চল, খুলনা। — সরাসরি "
১১। পরিচালক, এইচএসটিটিআই, খুলনা।
১২। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, খুলনা জোন, খুলনা।
১৩। উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা।
১৪। সহকারী একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ও মাননীয় সংসদ সদস্য, খুলনা-৩।
১৫। অধ্যক্ষ, সরকারি টিটিসি, খুলনা।
১৬। অধ্যক্ষ, সরকারি মহিলা টিটিসি, খুলনা।
১৭। প্রধান শিক্ষক, গভঃ ল্যাবরেটরি হাই স্কুল, খুলনা।
১৮। চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), যোগীপোল ইউনিয়ন পরিষদ, দিঘলিয়া, খুলনা।
১৯। সংরক্ষণ নথি।

১৯/০৫/২০২১


(প্রফেসর ড. শেখ মোঃ রেজাউল করিম)
আইডি নং-৮২২৫
অধ্যক্ষ
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।
ফোন-০১৭১৬৭৩১০৪৭


১২৫/১০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।
Web : ttc.khulna.gov.bd, E-mail : ttckhul@yahoo.com

স্মারক নং- টি.টি. কলেজ/খুলনা/২০২১/৯০ তারিখ : ৩০/০৫/২০২১ খ্রি.

বিষয় : খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর পশ্চিম পার্শ্বস্থ ও অধিগ্রহণকৃত ভূমির দক্ষিণ পার্শ্বস্থ বিভিন্ন সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জলাবদ্ধতা ও পানি নিষ্কাষণ সমস্যা দরুন অভিযোগের প্রেক্ষিতে জেলা প্রশাসক, খুলনা মহোদয় কর্তৃক গঠিত তদন্ত কমিটির নিকট লিখিত প্রতিবেদন দাখিল সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক কার্যালয়, খুলনা'র স্মারক নং- ০৫.৪৪.৪৭০০.০২০.১৮.০৫১.১৮-৩৪৭, তারিখ : ২০/০৫/২০২১ খ্রি.

তদন্ত কর্মকর্তার ঘটনাস্থলের আগমনের তারিখ ও সময় : ২৭/০৫/২০২১ খ্রি., সময় : সকাল : ১১ :০০টা

অত্র কলেজের জমির তফসিল :

মালিক : শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়, খুলনা
মৌজার নাম : তেলিগাতি
বি আর এস খতিয়ান নম্বর : ৫
দাগ নম্বরসমূহ : ৩৪৩৯, ৩৪৪০, ৩৪৪১, ৩৪৪২, ৩৪৪৩, ৩৪৪৪ ও ৩৪৪৫
জেলা : খুলনা, থানা : দিঘলিয়া, জে এল নং : ১
জমির পরিমাণ : ৮.২৭ একর
জমির শ্রেণি : কৃষি ( মাঠ, রাস্তা, ছাত্রীবাস, বাসস্থান, পুকুরপাড়, পুকুর ও মহবিদ্যালয়)
জমির চৌহদ্দি : উত্তরে কুয়েট, দক্ষিণে কেডিএ'র ৬০ ফুট চাওড়া রাস্তা, পূর্বে কুয়েট এবং পশ্চিমে গভ : ল্যাবরেটরি হাই স্কুল ও কুয়েট কর্তৃক সদ্য অধিগ্রহনকৃত জমি।

কলেজের সংক্ষিপ্ত পরিচিতি :

দক্ষিণবঙ্গের ঐতিহ্যবাহী এই সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজটি ১৯৭০ সালে প্রতিষ্ঠত হয়। এখানে (১) মাধ্যমিক স্তরে কর্মরত গ্রাজুয়েট শিক্ষক ও ফ্রেশ গ্রাজুয়েটদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতায় ১ বছর মেয়াদি ব্যাচেলর অব এডুকেশন (বিএড), (২) বিএড ডিগ্রিধারী শিক্ষক ও ফ্রেশ বিএড ধারীগণকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতায় ১ বছর মেয়াদি মাষ্টার অব এডুকেশন (এমএড) এবং (৩) এইচএসসি পাশ করা শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতায় ৪ বছর মেয়াদি ব্যাচেলর অব এডুকেশন অনার্স (বিএড অনার্স) প্রফেশনাল ডিগ্রি প্রদান করা হয়।

অত্র শিক্ষা প্রতিষ্ঠানে (১) মাধ্যমিক স্তরের শিক্ষকদের ১২ দিনব্যাপী আইসিটি ও ডিজিটাল কনটেন্ট বিষয়ক এবং বিষয়ভিত্তিক স্বল্পকালীন প্রশিক্ষণ, (২) প্রধান শিক্ষক এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রধানদের শিক্ষা প্রশাসন সংশ্লিষ্ট বিভিন্ন মেয়াদি প্রশিক্ষণ, (৩) সরকারি কলেজ শিক্ষকদের ২৪দিন ব্যাপী আইসিটি ও ৫ দিনব্যাপী বেসিক কম্পিউটার প্রশিক্ষণ, (৪) বেসরকারি কলেজের বিজ্ঞান শিক্ষকদের ২১ দিন ব্যাপী আইসিটি প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়াও বিভিন্ন স্তরের শিক্ষকদের শিক্ষাক্রম বিস্তরণ, আইসিটি, প্যাডাগজি, দুর্যোগ ব্যবস্থাপনা, অটিজম, জীবন দক্ষতাভিত্তিক শিক্ষা, একীভূত শিক্ষা, সৃজনশীল প্রশ্ন পদ্ধতি ইত্যাদি বিষয়ক স্বল্পকালীন প্রশিক্ষণ প্রদান করা হয়। কলেজের একাডেমিক ভবন সমূহ wifi network দ্বারা আচ্ছাদিত এবং সকল ক্লাশরুম ও প্রশিক্ষণকক্ষ মাল্টিমিডিয়া সমৃদ্ধ। কর্মরত শিক্ষকগণ উচ্চ শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন এবং তাঁদের প্রায় সকলেরই দেশে- বিদেশে একাধিক উচ্চতর পেশাগত প্রশিক্ষণ রয়েছে। এখানে, সম্পূর্ণ আবাসিকভাবে প্রশিক্ষণ প্রদান করা হয়। এজন্য পুরুষ ও মহিলা প্রশিক্ষণার্থীদের পৃথক আবাসন ব্যবস্থা রয়েছে। প্রতি বছর এই কলেজ থেকে প্রায় ৫ হাজার শিক্ষককে বিভিন্ন মেয়াদি প্রশিক্ষণ প্রদান করা হয়।

উদ্ভুত সমস্যা :

কলেজের উত্তর পশ্চিম কর্ণারে অতি সম্প্রতি খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) কর্তৃপক্ষ ১৬.৫ একর জমি অধিগ্রহণ করেছেন। তাঁরা বর্ণিত জমির উন্নয়নের জন্য বালু ও মাটি দ্বারা ভরাট করেছেন। এতে

D.G. Dhaka

৩০/০৫/2021
১২৫/১০৫

করে এই কলেজের পশ্চিম পাশ দিয়ে গভ : ল্যাবরেটারি হাইস্কুলের উত্তর পাশে সীমানা প্রাচীর ঘেষে সরকারি টেকনিক্যাল ট্রেনিং স্টেন্টার (টিটিসি) এবং সরকারি মহিলা টিটিসি উত্তর পূর্ব পাশের সীমানা প্রাচীর ঘেষে মহিলা টিটিসির উত্তর পাশের সীমানা থেকে প্রায় ১০০০ ফুট (আনুমানিক) উত্তর দিকে জাব্দিপুর খালের সাথে সংযুক্ত প্রায় ৮/১০ ফুট চাওড়া নালা বা খাল ছিল। এই নালা বা খাল দিয়ে সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, গভ : ল্যাবরেটরি হাইস্কুল, সিটি কর্পোরেশনের ১ নং ওয়ার্ড তথা মহেশ্বরপাশা ও টিটিসি ও সরকারি মহিলা টিটিসির পানি নিষ্কাষিত হতো। বর্ণিত নালা বা খাল প্রায় ৬০/৬৫ বছর ধরে প্রচলিত। সম্প্রতি কুয়েট কর্তৃপক্ষ অধিগ্রহণকৃত ভূমির উপর প্রতিবেশি সরকারি প্রতিষ্ঠান ও জন প্রতিনিধিগণকে অবহিত না করে এককভাবে ভূমির উন্নয়ন কার্যক্রম পরিচালনার ফলে বালু ও মাটি দ্বারা নালা বা খালের বর্ধিতাংশ ভরাট করে ফেলেছেন। এর ফলে (১) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোতে স্থায়ী জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে ; (২) আভ্যন্তরীণ রাস্তাসমূহ ইতোমধ্যে জলমগ্ন হয়ে চলাচলের অনুপোযোগী হয়ে পড়েছে ; (৩) হঠাৎ বন্যা বা অতিবৃষ্টি হলে কলেজের হোস্টেল অংশ পুরাপুরি জলমগ্ন হয়ে যাবে এবং একাডেমিক ভবনের নীচতলায়ও পানি ঢুকে পড়বে ; (৪) একাডেমিক ভবন ও হোস্টেল ভবনের নীচতলা সম্পূর্ণ ড্যামেজ হয়ে যাবে এবং মূল্যবান আসবাবপত্র ও সরঞ্জামের ব্যাপক ক্ষয়ক্ষতি হবে ; (৫) দীর্ঘদিন এই অবস্থা চলতে থাকলে ডেঙ্গুসহ নানাবিধ সংক্রামক কীটপতঙ্গের আবাসস্থলে পরিণত হবে। ফলশ্রুতিতে এসব প্রতিষ্ঠানে মানবিক বিপর্যয় দেখা দেয়ার আংশকা রয়েছে।

কুয়েট কর্তৃক বিকল্প ড্রেনেজ ব্যবস্থার প্রস্তাব :

কুয়েট রেজিষ্ট্রার মহোদয় গত ০৬/০৫/২০২১ খ্রি. তারিখের খু প্র বি/২৬৯২ স্মারকের এক পত্রে প্রস্তাব করেছেন যে, ল্যাবরেটরি হাইস্কুলের দক্ষিণ দিক দিয়ে সিটি কর্পোরেশন রাস্তার দক্ষিণ পাশ দিয়ে যে ড্রেন তৈরি করবে ঐ ড্রেনের সাথে বর্ণিত প্রতিষ্ঠানগুলোর ড্রেনেজ সংযোগ স্থাপন করতে পারে। কিন্তু সিটি কর্পোরেশনের উল্লেখিত ড্রেন দিয়ে এসব প্রতিষ্ঠানের ড্রেনের পানি নামবে না কারণ এসব প্রতিষ্ঠানের ভূমিপৃষ্ঠ প্রস্তাবিত ড্রেনের তলদেশ থেকেও নীচুতে অবস্থিত। সুতরাং সিটি কর্পোরেশনের ঐ ড্রেন দিয়ে এসব প্রতিষ্ঠানের পানি নামানোর যে প্রস্তাব কুয়েট কর্তৃপক্ষ রেখেছেন তা বাস্তবসম্মত নয় বরং সিটি কর্পোরেশনের ড্রেনের ময়লা পানিতে এসব প্রতিষ্ঠান সয়লাব হয়ে যাবে।

সমস্যা নিরসনের সুপারিশ :

১) সরকারি টিচার্স ট্রেনিং কলেজের পশ্চিম পাশ দিয়ে গভঃ ল্যাবরেটরি হাইস্কুলের উত্তর পাশের সীমানা প্রাচীর ঘেষে টিটিসি'র উত্তর-পূর্ব পাশের সীমানা প্রাচীর ঘেষে যে নালা বা খাল আছে বা বিদ্যমান ছিল তা কমপক্ষে ১০ ফুট চাওড়া করে স্থায়ী ড্রেন (পাকা) নির্মাণ করে টিটিসির উত্তরদিকে অবস্থিত জাব্দিপুর খালের সাথে সংযোগ করে দিলে এসব শিক্ষা প্রতিষ্ঠানের পানি নিষ্কাষণ অপেক্ষাকৃত সহজতর হবে এবং জলাবদ্ধতা সমস্যা নিসরণ হবে মর্মে নিম্নস্বাক্ষরকারীগণ মনে করেন।

অতএব, উদ্ভুত জলাবদ্ধতা নিরসনে আপনার মাধ্যমে জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের সদয় হস্তক্ষেপ ও সহযোগিতা কামনা করছি।

প্রতিস্বাক্ষর
৩০/০৫/২০২১
(প্রফেসর ড. শেখ মোঃ রেজাউল করিম)
আইডি নং-৮২২৫
অধ্যক্ষ, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।
ফোন-০১৭১৬৭৩১০৪৭

ধন্যবাদান্তে
৩০/০৫/২০২১
(বিধান চন্দ্র রায়)
ফোকাল পয়েন্ট
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা
ফোন : ০১৭১১২৩০০১৬

প্রাপক : অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা।

সংযুক্তি :
১) Google Map এর সাহায্যে প্রস্তাবিত ড্রেনের নকশা;
২) জমির দাখিলা;
৩) জমির বি আর এস ও এস এ পর্চা;
৪) ২৮/০৫/২০২১ খ্রি. তারিখে বাংলাদেশ প্রতিদিন প্রত্রিকায় প্রকাশিত রিপোর্টের কপি।

D.G. Dhaka

১২৫/১০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।
Web : ttc.khulna.gov.bd, E-mail : ttckhul@yahoo.com

স্মারক নং- টি.টি. কলেজ/খুলনা/২০২১/৮৯ তারিখ : ২৬/০৫/২০২১ খ্রি.

বিষয় : খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর পশ্চিম পার্শ্বস্থ শিক্ষা প্রতিষ্ঠানসমূহের পানি নিষ্কাষণ বিষয়ক অভিযোগের শুনানীতে অংশগ্রহণের জন্য প্রতিনিধি প্রেরণ সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক কার্যালয়, খুলনা'র স্মারক নং- ০৫.৪৪.৪৭০০.০২০.১৮.০৫১.১৮-৩৪৭, তারিখ : ০৬/০৫/২০২১ খ্রি.

প্রিয় মহোদয়,
উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, কুয়েট কর্তৃক অধিগ্রহণকৃত ভূমির উপর বালু ও মাটি দ্বারা ভরাট করার প্রেক্ষিতে এর পশ্চিম পার্শ্বস্থ সরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের পানি নিষ্কাষণ ব্যবস্থা বন্ধ হয়ে জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। উক্ত বিষয়ে জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের পক্ষ থেকে সরেজমিনে তদন্ত করার জন্য কমিটি গঠন করা হয়েছে। উক্ত তদন্ত কমিটি আগামী ২৭/০৫/২০২১ খ্রি. তারিখ সকাল ১১ :০০ টায় ঘটনাস্থলে উপস্থিত হয়ে এ বিষয়ে তদন্ত পরিচালনা করবেন। এর প্রেক্ষিতে অত্র শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রতিনিধি হিসেবে উপস্থিত থাকার জন্য জনাব বিধান চন্দ্র রায়, প্রভাষক, শিক্ষাকে মনোনীত করা হলো। তাঁকে যথাসময়ে তদন্ত কমিটির নিকট উপস্থিত হয়ে তদন্ত কার্য পরিচালনায় কমিটিকে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ করা হলো।

২৬/০৫/২১

(প্রফেসর ড. শেখ মোঃ রেজাউল করিম)
আইডি নং-৮২২৫
অধ্যক্ষ
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।
ফোন-০১৭১৬৭৩১০৪৭

প্রাপক : জেলা প্রশাসক, খুলনা।

দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা।

স্মারক নং-টিটিকলেজ/খুলনা/৮৯(৪) তারিখ : ২৬/০৫/২০২১ খ্রি.

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরিত হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) :

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষাভবন, ঢাকা।
৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
৪। সংরক্ষণ নথি।

২৬/০৫/২১

(প্রফেসর ড. শেখ মোঃ রেজাউল করিম)
আইডি নং-৮২২৫
অধ্যক্ষ
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।
ফোন-০১৭১৬৭৩১০৪৭

D.G. Dhaka

৩২৫/৪০৮

আমরা জনগণের পক্ষে
বাংলাদেশের সর্বাধিক প্রচারিত জাতীয় দৈনিক
# বাংলাদেশ প্রতিদিন
বর্ষ ১২ সংখ্যা ৬৮ ■ ঢাকা ■ ১৪ জ্যৈষ্ঠ ১৪২৮ ■ ১৫ শাওয়াল ১৪৪২ ■ ১২ পৃষ্ঠা ৫ টাকা
শুক্রবার
২৮ মে ২০২১

# খুলনায় অপরিকল্পিত উন্নয়ন জলাবদ্ধতায় ভোগান্তি

## টিটিসি, খুলনা কারিগরি, মহিলা কারিগরি, ল্যাবরেটরি স্কুলে হাঁটুপানি

নিজস্ব প্রতিবেদক, খুলনা

পানি নিষ্কাশনের ড্রেন বন্ধ করে বালু ভরাট ও অবকাঠামো উন্নয়নে খুলনার তেলিগাতিতে জলাবদ্ধতা তৈরি হয়েছে। এতে টিচার্স ট্রেনিং কলেজ (টিটিসি), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মহিলা কারিগরি ও সরকারি ল্যাবরেটরি স্কুলের বিভিন্ন স্থানে হাঁটু পানি জমেছে। ফলে ভোগান্তিতে পড়েছেন এসব প্রতিষ্ঠানের কর্মকর্তা-শিক্ষার্থীরা। তারা বলছেন, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধিগ্রহণকৃত জমিতে অপরিকল্পিত বালু ভরাট ও অবকাঠামো উন্নয়নে এ ভোগান্তি তৈরি হয়েছে।

এদিকে উদ্ভূত পরিস্থিতি নিয়ন্ত্রণে জেলা প্রশাসনের পক্ষ থেকে তদন্ত কমিটি করা হয়েছে। গতকাল তদন্ত কমিটির প্রধান অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) মো. সাদিকুর রহমান খান সরেজমিনে শিক্ষাপ্রতিষ্ঠানগুলো পরিদর্শন করেছেন। খুলনা মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ মো. রিয়াজ শরীফ জানান, এসব শিক্ষাপ্রতিষ্ঠান ও প্রশিক্ষণ কেন্দ্রসহ আশপাশের এলাকার ব্যবহার্য পানি প্রতিষ্ঠানের উত্তর দিকের ড্রেন দিয়ে সরকারি খালে নিষ্কাশন হতো। কিন্তু সম্প্রতি কুয়েট ওই জমি অধিগ্রহণের পর বালু ভরাট করলে নিষ্কাশনের পথ বন্ধ হয়ে এসব



শিক্ষাপ্রতিষ্ঠানে স্থায়ী জলাবদ্ধতা তৈরি হয়েছে। সরকারি টিচার্স ট্রেনিং কলেজের অধ্যক্ষ অধ্যাপক ড. শেখ রেজাউল করিম জানান, এরই মধ্যে প্রতিষ্ঠানে অভ্যন্তরীণ চলাচলের রাস্তা পানিতে ডুবে গেছে। আবদ্ধ পানিতে মশার বংশ বিস্তারসহ অস্বাস্থ্যকর পরিবেশ তৈরি হয়েছে। বর্ষায় পানি আরও বাড়লে ভবনের নিচের তলায় পানি ঢুকবে। এদিকে কুয়েট ওইসব প্রতিষ্ঠানের দক্ষিণ দিকে কেসিসির ড্রেনের সঙ্গে বিকল্প সংযোগ ড্রেন তৈরির প্রস্তাবনা দিয়েছে। কিন্তু ওই ড্রেন থেকে এসব প্রতিষ্ঠান ৬-৭ ফুট নিচু হওয়ায় সংযোগ ড্রেন তৈরি করলে উল্টো ড্রেনের পানিতে পুরো এলাকা ছয়লাব হবে। কুয়েটের অবকাঠামো সম্প্রসারণ প্রকল্প পরিচালক ড. মো. জুলফিকার হোসেন বলেন, অধিগ্রহণকৃত জমিতে বালু ভরাট করা হয়েছে। এতে কিছু প্রতিষ্ঠানে জলাবদ্ধতা তৈরি হয়েছে। এ সংকট নিরসনে সংশ্লিষ্ট দফতরকে নিয়ে আলোচনা করে পদক্ষেপ নেওয়া হবে। তদন্ত কমিটির প্রধান অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) মো. সাদিকুর রহমান খান জানান, সরেজমিনে বিষয়টি দেখার পর প্রতিষ্ঠানগুলোর কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। ভোগান্তি নিরসন করতে দ্রুত এ বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত নেওয়া হবে।


১২৩/১০৯

প্রকল্পের নামঃ "খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম সম্প্রসারণ নির্মাণ"প্রকল্প।


Not To Scale

সাংকেতিক চিহ্ন

১। ০৩/২০১৯-২০ নং কেসে অধিগ্রহণকৃত জমির চিহ্ন



**খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃক ১৬.৩৫২ একর জমি অধিগ্রহণ করে মাটি ভরাট করায় গভঃ ল্যাবরেটরি হাই স্কুল, খুলনার পানি নিস্কাশন ব্যবস্থার প্রস্তাবিত স্কেচ ম্যাপঃ**




৭২৫/৭৭৭



চিত্র ১: সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা
জুলাই/২১ মাসে জলাবদ্ধতায় নিমগ্ন কলেজ ক্যাম্পাস।



চিত্র ২: সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা
আগস্ট/২১ মাসে অথৈ পানিতে ডুবে আছে
কলেজ ক্যাম্পাস।



চিত্র-৬: মে/২১-এ জেলা প্রশাসন খুলনার অতিরিক্ত জেলা প্রশাসক জনাব মো: সাদিকুর রহমান সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের জলাবদ্ধতা পরিস্থিতি সরেজমিনে পরিদর্শন করছেন।



চিত্র-৪: সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা ও অন্যান্য সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জলাবদ্ধতা পরিস্থিতি নিয়ে কথা বলছেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জনাব মো: সাদিকুর রহমান খান।

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

কমিটির কার্যববরণী

**কমিটির নাম: বৃক্ষরোপণ কমিটি-২০২১** **সময়:** ২০২১ শিক্ষাবর্ষ তারিখ: ১২.০৮.২০২১

| ক্রমিক নং | আলোচনার বিষয়বস্তু | বিষয়বস্তুর ধারাবাহিক বিবরণ | সিদ্ধান্ত গ্রহণ |
|---|---|---|---|
| ০১ | প্রস্তুতিমূলক সভা (০৫ জুলাই) | ১. কমিটির সার্বিক কার্যক্রম নিয়ে আলোচনা। | ১.ক) প্রতি বছরের ন্যায় কলেজ ক্যাম্পাসে বৃক্ষরোপণ কর্মসূচী গ্রহণ।<br>খ) প্রচারের জন্য ব্যানার তৈরি। |
| ০২ | ০৮ জুলাই সাধারণ সভা | ২. চারা ক্রয় সম্ভাব্য খরচ সংক্রান্ত | ২. দৌলতপুর সরকারি হর্টিকালচার সেন্টার হতে ফলজ, ঔষধি এবং সৌন্দর্য বর্ধনকারী গাছের চারা ক্রয়ের সিদ্ধান্ত |
| ০৩ | ১১ জুলাই সাধারণ সভা | ৩. কলেজ ক্যাম্পাসে বৃক্ষরোপণের জন্য স্থান নির্বাচন ও চারা রোপণ। | অধ্যাপকমন্ডলীর উপস্থিতিতে গাছের চারা রোপণ<br><br>সবাইকে স্বাস্থ্যবিধি মেনে চারা রোপণে অংশ নেয়ার অনুরোধ করা।<br><br>গাছের চারা পরিচর্যার জন্য একজন কর্মচারীকে দায়িত্ব দেয়া |

কমিটির উপস্থিত সদস্যবৃন্দ (পূর্ণ নাম স্বাক্ষর ও সীলমোহর)

দিলিপ কুমার বিশ্বাস
বিসিএস (সাধারণ শিক্ষা)
প্রভাষক, সমাজবিজ্ঞান
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

মো: সাইফুর রহমান (৬৭৫৩)
সহযোগী অধ্যাপক, দর্শন
বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
সংযুক্ত: সরকারি টি টি কলেজ খুলনা।

সুবর্ণা রানী মন্ডল
প্রভাষক
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ
খুলনা।

৭২৫/১১৬

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

বৃক্ষরোপন কমিটি - ২০২১

০৫/৭/২১

অদ্য ০৫ জুলাই ২০২১ তারিখ বৃক্ষরোপন কমিটির সকল সদস্যের উপস্থিতিতে আলোচনার ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় —

১. কমিটির কার্যক্রম নির্ধারণ করা —
২. প্রতিবছরের ন্যায় কলেজের ক্যাম্পাসে বৃক্ষরোপনের সিদ্ধান্ত গৃহীত
৩. প্রচারের জন্য ব্যানার তৈরি করা ও কলেজ গেটে ঝুলিয়ে রাখা —
৪. নার্সারী পরিদর্শন করে গাছের চারা নির্বাচন করা।

০৫/৭/২১
দিলিপ কুমার বিশ্বাস
বিসিএস (সাধারণ শিক্ষা)
প্রভাষক, সমাজবিজ্ঞান
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

০৫/৭/২১
মোঃ সাইফুর রহমান (৬৩৫৩)
সহযোগী অধ্যাপক, দর্শন
বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
সংযুক্ত: সরকারী টি টি কলেজ, খুলনা।

৫/৭/২১
সুবর্ণা রানী মন্ডল
প্রভাষক
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ
খুলনা।

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

বৃক্ষরোপণ কমিটি - ২০২১

তাং ০৮/৭/২১

অদ্য কমিটির সাধারণ সভায় সকল সদস্যের উপস্থিতিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

১. ফলজ, ঔষধী এবং সৌন্দর্য বর্ধনকারী গাছের চারা রোপন।

২. দৌলতপুর হর্টিকালচার সেন্টার পরিদর্শন করে চারা গাছ নির্বাচন করা

৩. সম্ভাব্য খরচ সম্পর্কে আলোচনা।

৪. ১১ জুলাই বৃক্ষ রোপনের জন্য সকল শিক্ষককে আমন্ত্রণ জানানো (স্বাস্থ্যবিধি মেনে)

৫. চারা রোপনের স্থান নির্বাচন।

০৮/৭/২১
দিলিপ কুমার বিশ্বাস
বিসিএস (সাধারণ শিক্ষা)
প্রভাষক, সমাজবিজ্ঞান
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

০৮/৭/২১
মো: সাইফুর রহমান (৬৭৫৩)
সহযোগী অধ্যাপক, দর্শন
বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ঢাকা
সংযুক্ত: সরকারি টি টি কলেজ খুলনা।

০৮/৭/২১
সুবর্ণা রানী মন্ডল
প্রভাষক
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ
খুলনা।

১২৭/১১৮

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

বৃক্ষরোপণ কর্মসূচি – ২০২১

তাং ১১জুলাই'২১

অদ্য সভায় বৃক্ষরোপনের পূর্বে ও পরে করণীয় সম্পর্কে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

১. সবাইকে স্বাস্থ্যবিধি মেনে চারা রোপনে অংশ নেয়া।

২. চারা রোপনের পরবর্তীতে তা সংরক্ষনের জন্য একজন কর্মচারীকে দায়িত্ব দেয়া এবং সযত্নে চারার পরিচর্যা করা।

১১/৭/২১
দিলিপ কুমার বিশ্বাস
বিসিএস (সাধারণ শিক্ষা)
প্রভাষক, সমাজবিজ্ঞান
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খু.

১১/৭/২১
মো: সাইফুর রহমান (৬৭৫৩)
সহযোগী অধ্যাপক, দর্শন
বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
সংযুক্তঃ সরকারী টি টি কলেজ, খুলনা।

১১/৭/২১
সুবর্ণা রানী মন্ডল
প্রভাষক
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ
খুলনা।




চিত্র—১, বৃক্ষরোপন কর্মসূচি-২০২১ উপলক্ষে কলেজ ভবনের (তারিখ: ১১.৭.২১,) দক্ষিন পার্শ্বে ফলজ, ও ঔষধী গাছের চারা রোপণ করা হয়।




চিত্র—২,, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন উপলক্ষে কলেজ ক্যাম্পাসে সৌন্দর্যবর্ধনকারী গাছের চারা রোপন করা হয়।
তারিখ: ২৮.০৯.২১ "স্মারক বৃক্ষ"

১২৩/১২৩